অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/8/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো সতর্কতা জারি করলেন কারণ আপস্টেট নিউ ইয়র্কের জন্য লেক ইফেক্ট তুষার ও শীতকালীন আবহাওয়া পরিস্থিতি পূর্বাভাস দেওয়া হয়েছে

পশ্চিম নিউ ইয়র্ক (Western New York) এবং নর্থ কান্ট্রিতে (North Country) 12 ইঞ্চি পর্যন্ত তুষার জমা সম্ভব

ভারী তুষার ব্যান্ড ও উড়ন্ত তুষারের কারণে ভ্রমণ পরিস্থিতি প্রতিকূল হতে পারে

গভর্নর কুওমো আজকে আপস্টেট নিউ ইয়র্কের বেশির ভাগ স্থানে প্রতিকূল আবহাওয়া পরিস্থিতির পূর্বাভাসের ফলে নিউ ইয়র্কবাসীকে প্রস্তুতি নেওয়ার তাগিদ দিলেন, পূর্বাভাস অনুযায়ী এই পরিস্থিতি শুরু হবে মঙ্গলবার শেষ রাতে এবং পুরো স্টেটে বৃহস্পতিবার পর্যন্ত চলবে। যদিও স্টেটের বেশির ভাগ স্থানে মাঝারি তুষারপাতের ধারণা করা হচ্ছে, পশ্চিম নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রিের অংশবিশেষে লেক ইফেক্ট সিস্টেমের ফলে এক ফুট পর্যন্ত তুষার জমবে বলে ধারণা করা হচ্ছে। এইসব এলাকার নিউ ইয়র্কবাসীদের আগামী 36 ঘন্টায় সতর্কতার সাথে ভ্রমণ করা উচিত কারণ তুষারে ঢাকা রাস্তাঘাট ও সীমিত দৃষ্টিসীমার কারণে গাড়ি চালানোর পরিস্থিতি কঠিন হয়ে উঠতে পারে।

"যদিও বেশির ভাগ নিউ ইয়র্কবাসীর জন্য শীতকালীন আবহাওয়া নতুন কিছু নয়, কিন্তু এই আসন্ন ঝড়টি উল্লেখযোগ্য পরিমাণ লেক ইফেক্ট তুষার নিয়ে আসবে এবং সম্ভাব্য কঠিন ভ্রমণ পরিস্থিতি সৃষ্টি করবে", **গভর্নর কুওমো বলেন।** "আমি নিউ ইয়র্কবাসীকে তাগিদ দিচ্ছি গাড়ি চালানোর সময় অতিরিক্ত সতর্ক থাকতে এবং দ্রুত পরিবর্তনশীল আবহাওয়া পরিস্থিতির ব্যাপারে সচেতন থাকতে। আমরা ঝড়টি পর্যবেক্ষণ করছি এবং যেকোনো মুহূর্তে আমাদের স্থানীয় অংশীদারদের সাহায্য করার জন্য প্রস্তুত আছি।"

বাফেলোর জাতীয় আবহাওয়া সেবা (National Weather Service) আজকে শেষ রাত থেকে বৃহস্পতিবার বিকাল পর্যন্ত ক্যাটারাগাস, শাটোকুয়া, দক্ষিণ ইরি এবং ওয়াইয়োমিং কাউন্টিগুলিতে একটি শীতকালীন ঝড় নজরদারি (Winter Storm Watch) জারি করেছে। মোট ছয় থেকে 12 ইঞ্চি সম্ভাব্য তুষার জমাসহ ভারী লেক ইফেক্ট তুষারপাত সম্ভব, এর সর্বোচ্চ পরিমাণ শাটোকুয়া রিজ ধরে হবে বলে ধারণা করা হচ্ছে। বাতাসের গতি ঘন্টায় 40 মাইল পর্যন্ত হতে পারে, যার ফলে তুষার উড়বে এবং দৃষ্টিসীমা উল্লেখযোগ্য পরিমাণ কমে যাবে। প্রতিকূল ভ্রমণ পরিস্থিতি সম্ভবত বৃহস্পতিবারের সকাল ও রাতের যাতায়াতকে প্রভাবিত করবে।

আপস্টেট নিউ ইয়র্কের অন্যান্য অংশে শীতকালীন আবহাওয়া উপদেশকেন্দ্র (Winter Weather Advisories) কার্যকরী থাকবে। নর্থ কান্ট্রিত েমোট তুষারপাত মাঝারি থাকবে, অ্যাডিরন্ডাকে মোট সাত থেকে 11 ইঞ্চি তুষার জমতে পারে। কেন্দ্রীয় নিউ ইয়র্ক, মোহক ভ্যালি, রাজধানী ও মধ্য-হাডসন অঞ্চলে, এক থেকে তিন ইঞ্চি পর্যন্ত তুষারপাত হতে পারে বলে ধারণা করা হচ্ছে।

আপনার এলাকায় আবহাওয়া নজরদারি এবং সতর্কতার সম্পূর্ণ তালিকার জন্য, আপনার এলাকার জাতীয় আবহাওয়া সেবার ওয়েবসাইট ভিজিট করুন।

নিরাপদ যাত্রা

নিরাপদ ড্রাইভিং এর কিছু সবচেয়ে গুরুত্বপূর্ণ পরামর্শগুলির অন্তর্ভুক্ত হল:

- যখন শীতকালীন ঝড় আঘাত হানে, তখন প্রয়োজন না হলে ড্রাইভ করবেন না।
- সেতুগুলোয় সাবধানতা অবলম্বন করুন যেহেতু বরফ সেখানে রাস্তার চেয়ে দ্রুত জমাট বাঁধে।
- ভেজা পাতা রাস্তাকে পিচ্ছিল করতে পারে, তাই যখনই সামনে তাদের একটা স্তূপ আসবে, তখন আরো ধীর গতিতে গাড়ি চালানো গুরুত্বপূর্ণ।
- আপনাকে আবশ্যিকভাবে ভ্রমণ করতে হলে, এটা নিশ্চিত করুন যে আপনার গাড়িতে কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও অতিরিক্ত ব্যাটারি, অতিরিক্ত গরম কাপড়, এক জোড়া টায়ার চেন, ব্যাটারি বুস্টার তার, সহজে শক্তি প্রদানকারী খাবার এবং ডিসট্রেস ফ্ল্যাগ হিসেবে ব্যবহার করতে উজ্জ্বল রঙের কাপড়ের মতো টিকে থাকার সরঞ্জামাদি থাকে।
- আপনার যদি একটি ব্যবহার উপযোগী সেল ফোন বা অন্যান্য যোগাযোগ যন্ত্র যেমন টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারি চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণ করার সময় এটি আপনার সাথেই রাখুন। আপনি যদি কোথাও আটকা পড়েন, আপনি সাহায্যের জন্য ফোন করতে পারবেন, উদ্ধারকারীকে আপনার অবস্থান সম্পর্কে জানাতে পারবেন।

শীতকালীন ঝড়ের সময়ে সবচেয়ে বেশি মৃত্যু ও আঘাতের কারণ হল পরিবহন দুর্ঘটনা। গাড়ি চালানো শুরু করার আগে, আপনার গাড়ি যাতে বরফ ও তুষারমুক্ত থাকে তা নিশ্চিত করুন; ভালো দৃষ্টিশক্তি ভালো গাড়ি চালানোর চাবিকাঠি। কোথায় কোথায় থামবেন তার পরিকল্পনা করে নিন এবং দুই গাড়ির মধ্যে দূরত্ব বজায় রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে বাতাসে থাকা তুষারের কারণে ছোট শিশুদের দেখা নাও যেতে পারে। সবসময় রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতির সাথে মিলিয়ে আপনার গতি ঠিক করুন।

সব রাস্তার মোটরচালকদের জন্য এটা জানা গুরুত্বপূর্ণ যে স্নোপ্লাও ঘন্টায় 35 মাইল পর্যন্ত গতিবেগে চলে যা অনেক ক্ষেত্রেই লিখিত গতি সীমার থেকে কম, এটি নিশ্চিত করতে যে ছড়ানো লবণ ড্রাইভিং লেনে থাকে ও রাস্তায় ছড়িয়ে না পড়ে। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, স্নোপ্লাও পাশাপাশি কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিচ্ছন্ন করার এটা সবচেয়ে কর্মক্ষম ও নিরাপদ উপায়।

এছাড়াও মোটরচালক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে স্নোপ্লাও ড্রাইভারদের দৃষ্টিসীমা সীমিত থাকে, এবং স্নোপ্লাও এর আকার ও ওজন কৌশলে ও দ্রুত থামানো কষ্টকর করে তোলে। স্নোপ্লাও এর পেছন থেকে বরফ ওড়ানো অত্যধিক ভাবে দৃষ্টিশক্তি হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। মোটরচালকদের স্নোপ্লাও কে পার করে যাওয়ার চেষ্টা বা পেছনে খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। মোটরচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল স্নোপ্লাও এর বেশ পেছনে যেখানে রাস্তা পরিষ্কার ও লবণাক্ত।

এজেন্সির প্রস্তুতি

স্টেটের পরিবহন অধিদপ্তর (Department of Transportation) স্নো ব্লোয়ার, ক্ষুদ্রতর প্লাও ট্রাক, লোডার ও গ্রেডার সহ 1,500 এর বেশি বড় ডাম্প ট্রাক, 52টি টো প্লাও এবং আরো শতশত অন্যান্য সরঞ্জামাদি ব্যবহার

করে ঝড়ের মোকাবেলা করে। শীতকালীন ঝড়ের অগ্রগতিতে সমগ্র স্টেট জুড়ে রাস্তা সুরক্ষিত রাখতে সাহায্য করতে এই সরঞ্জাম এর পাশাপাশি 3,850 এর বেশি কর্মকর্তা ও সুপারভাইজার নিয়োগ করা হয়েছে।

মোটরচালকদের মনে করিয়ে দেওয়া হচ্ছে যে ভ্রমণ করার পূর্বে https://protect2.fireeye.com/url?k=850f53da-d92a5fb9-850daaef-0cc47aa88e08-9a05a3e7a88f19bd&u=https://protect2.fireeye.com/url?k=870fee1f-db29daab-870d172a-000babd9fe9f-49ac07812b0dbe37&u=http://www.511ny.org/ এ বা মোবাইল অ্যাপ ডাউনলোড করে 511NY দেখে নিন। এই বিনামূল্যের পরিষেবাটি ব্যবহারকারীদের রাস্তার অবস্থা দেখার সুযোগ দেয় এবং এতে রয়েছে একটি শীতের যাত্রার সতর্কীকরণ পদ্ধতি যা বাস্তব-সময়ে যাত্রার রিপোর্ট ও কোন কোন স্টেট রাস্তা পরিষ্কার, ভেজা বা বরফে ঢাকা তা প্রদর্শন করে। পদ্ধতিটি মোটরচালকদের যাত্রা করা আদৌ সমীচীন কি না তা নির্ধারণ করতে একটা উপকারী সংস্থান প্রদান করে।

থ্রুওয়ে অথোরিটির (Thruway Authority) 663 জন সুপারভাইজার ও চালক আছে যারা সমগ্র স্টেট জুড়ে 239টি বড় স্নো প্লাও, 128টি মাঝারি স্নো প্লাও, 11টি টো প্লাও এবং 58টি লোডার নিয়োগ করতে এবং 118,000 টনেরও বেশি রাস্তার লবণ প্রয়োগ করতে প্রস্তুত। থ্রুওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বৈচিত্র্যময় বার্তা চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

এছাড়াও থ্রুওয়ে অথোরিটি মোটরচালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা iPhone ও Android ডিভাইসে বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরচালকদের বাস্তব-সময়ে ট্রাফিক এবং দিক নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটরচালকরা TRANSalert ইমেইলের জন্য সাইন আপ করতে পারে যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতি প্রদান করে এখানে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন